

Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 18 June, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ১৯তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য আয়োজন করবে বিশ্ববিদ্যালয় প্রশাসন। দিবসটি ঘিরে আয়োজিত মূল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার।

বুধবার (১৭ জুন) বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক ও নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক এক শুভেচ্ছা বার্তায় বিষয়টি নিশ্চিত করেন।

তিনি জানান, আগামী ২৩ জুন ২০২৫, নোবিপ্রবির ১৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজন করা হবে 'রিসার্চ ফেয়ার ও একাডেমিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০২৫'। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

শুভেচ্ছা বার্তায় তিনি সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের এ আয়োজনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে বিশ্ববিদ্যালয়ের দুই দশকের পদার্পণকে সার্থক করে তুলতে আহ্বান জানান।

বিশ্ববিদ্যালয়ের দুই দশকের যাত্রায় এটি হতে যাচ্ছে এক গুরুত্বপূর্ণ মাইলফলক, যেখানে উদ্ভাবনী গবেষণা, একাডেমিক উৎকর্ষ এবং নোবিপ্রবির সার্বিক অগ্রগতি তুলে ধরা হবে নানা আয়োজনের মধ্য দিয়ে।